

## মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৮৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০২]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ মহিলাদেরকে ইলম শিক্ষা দেয়ার জন্য আলাদা কোন দিন নির্ধারণ করা যাবে কি?

### باب هل يُجعلُ للنِّساءِ يومٌ على حدةٍ في العِلْمِ

আরবী

عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: قَالَتِ النِّسَاءُ لِلنَّبِيِّ: غَلَبْنَا عَلَيْكَ الرَّجَالَ فَاجْعَلْ لَنَا يَوْمًا مِنْ نَفْسِكَ، فَوَعَدَهُنَّ يَوْمًا لَقِيَهُنَّ فِيهِ، فَوَعَظَهُنَّ وَأَمَرَهُنَّ، فَكَانَ فِيهَا قَوْلٌ لَهُنَّ مَا مِنْكُنَّ امْرَأَةٌ تُقَدِّمُ ثَلَاثَةً مِنْ وَلَدِهَا إِلَّا كَانَ لَهَا حِجَابًا مِنَ النَّارِ. فَقَالَتِ امْرَأَةٌ: وَاثْنَتَيْنِ؟ فَقَالَ وَاثْنَتَيْنِ. (بخارى: ١٠٠٢)

বাংলা

৮৭) আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ মহিলাগণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললঃ পুরুষেরা আপনার নিকট থেকে আমাদের চেয়ে বেশী উপকার গ্রহণ করছে। সুতরাং আপনি আমাদেরকে শিক্ষা দেয়ার জন্য একটি দিন নির্ধারণ করুন। তাদের আবেদনের প্রেক্ষিতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের জন্য একটি দিন নির্ধারণের ওয়াদা করলেন। অতঃপর নির্ধারিত দিনে মহিলাদেরকে নসীহত করলেন এবং আদেশ দিলেন। তিনি তাদেরকে যে সমস্ত বিষয়ের উপদেশ দিয়েছিলেন তার মধ্যে ছিল কোন মহিলার যদি তিনটি সন্তান শৈশবকালে মারা যায় তাহলে সন্তানরা তার এবং জাহান্নামের আগুনের মাঝে পর্দা স্বরূপ হয়ে যাবে। জনৈক মহিলা বললঃ কারো যদি দু'জন সন্তান মারা যায়? উত্তরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ দু'জন মারা গেলেও।

## English

Should a day be fixed for women in order to teach them religion (apart from men)?

Narrated Abu Sa`id Al-Khudri:

Some women requested the Prophet (ﷺ) to fix a day for them as the men were taking all his time. On that he promised them one day for religious lessons and commandments. Once during such a lesson the Prophet said, "A woman whose three children die will be shielded by them from the Hell fire."

On that a woman asked, "If only two die?" He replied, "Even two (will shield her from the Hell-fire).

### ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ১০২

ইসলামিক সেন্টারঃ ১০০

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88782>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন